



রাশিয়ার তেল আমদানিতে যুক্তরাষ্ট্রের অনুমতি চায় বাংলাদেশ: অর্থমন্ত্রী



ছবি: সংগৃহীত

রাশিয়া থেকে তেল আমদানির বিষয়ে যুক্তরাষ্ট্রের কাছে অস্থায়ী ছাড় চেয়েছে বাংলাদেশ সরকার। বুধবার রাজধানীর শেরেবাংলা নগরে পরিকল্পনা মন্ত্রণালয়ে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠক শেষে এ তথ্য জানান অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী।

মন্ত্রী বলেন, বৈশ্বিক জ্বালানি বাজারের অস্থিরতা ও মধ্যপ্রাচ্যের সংঘাতের কারণে বিকল্প জ্বালানি উৎস নিয়ে সরকার আলোচনা করছে। এ পরিস্থিতিতে রাশিয়ার তেল কেনার ক্ষেত্রে যুক্তরাষ্ট্র সাময়িক অনুমতি দিলে তা দেশের অর্থনীতির জন্য সহায়ক হবে। বিষয়টি আনুষ্ঠানিকভাবে মার্কিন পক্ষকে জানানো হয়েছে এবং তারা সিদ্ধান্তের জন্য প্রস্তাবটি ওয়াশিংটনে পাঠাবে। এখন যুক্তরাষ্ট্রের সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছে বাংলাদেশ।

বৈঠকে আন্তর্জাতিক জ্বালানি পরিস্থিতি, তেল-গ্যাস সরবরাহ, বিনিয়োগ ও বাণিজ্য সম্প্রসারণ, অর্থনৈতিক সহযোগিতা জোরদার এবং সরকারি প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। সম্ভাব্য বাণিজ্য চুক্তির বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি জানিয়ে মন্ত্রী বলেন, জাতীয় স্বার্থ অগ্রাধিকার দিয়েই পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। আন্তর্জাতিক সংঘাত দীর্ঘ হলে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনাও প্রস্তুত রাখা হচ্ছে।

এদিকে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত Peter Haas এক্সে দেওয়া পোস্টে বৈঠককে ফলপ্রসূ উল্লেখ করেন। তিনি বলেন, দুই দেশের অভিন্ন অর্থনৈতিক অগ্রাধিকারে সহযোগিতা বাড়ানোর সুযোগ নিয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি পারস্পরিক সমৃদ্ধির লক্ষ্যে U.S. Department of the Treasury – Office of Technical Assistance দীর্ঘদিন ধরে অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে কাজ করছে।